গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৬৩.২৪.৫০৮ তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩১
২৬ মে ২০২৪

বিষয়: **রিট পিটিশন নং ২৩০৯/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এ মোকদ্দমার রুলের কপি প্রেরণ।**

সূত্র: (ক) হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ২৩০৯/২০২৪-এর ১৮/০৩/২০২৪ খ্রি. তারিখের রুল।
(খ) হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ২৩০৯/২০২৪-এর ৩০/০৪/২০২৪ খ্রি. তারিখের Supplementary Rule রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও জেলার রাণীশংকৈল উপজেলাধীন ৫নং বাচোর ইউনিয়ন পরিষদের ১নং ওয়ার্ডের সদস্য জনাব তুলা রাম রায়-কে গত ০১/০২/২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.৯৪০০.০১৭.২৭.০০২.২৩-৭৩ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখা হতে সাময়িক বরখাস্ত এবং ৩১/০৩/২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.৯৪০০.০১৭.২৭.০০২.২৩-২৯৮ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে তার স্বীয় পদটি শূন্য ঘোষনা করা হয়। ফলে পিটিশনার জনাব তুলা রাম রায় সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ২৩০৯/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ উপর্যুক্ত প্রজ্ঞাপনের কার্যকারিতা ০৬(ছয়) মাস পর্যন্ত স্থগিত করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, সিনিয়র সহকারী সচিব, ইউপি-১ শাখা-কে ২নং এবং জেলা প্রশাসক, ঠাকুরগাঁও-কে ৩নং প্রতিপক্ষসহ মোট চার জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ২৩০৯/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মোকদ্দমার রুলের কপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (9015/potrojariAttachmentRef/54192/0/2240)...............পাতা।
(9018/potrojariAttachmentRef/54192/0/2240)

২৬-৫-২০২৪
পূরবী গোলদার
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২৫৫১০০৯৯৫
ইমেইল: lglaw1@lgd.gov.bd


জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৬৩.২৪.৫০৮/১(৫) তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩১
২৬ মে ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২৬-৫-২০২৪

পূরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)